JAN. 22 2001

তারিখ ........

পৃষ্ঠা ...... কলাম ......

ভোরের কাগজ

# শিক্ষা নীতি বাস্তবায়ন প্রক্রিয়ায় শিক্ষক প্রতিনিধি অন্তর্ভুক্ত করার দাবি

দেশের সরকারি বেসরকারি স্কুল ও কলেজ শিক্ষকদের প্রতিনিধিত্বকারী ৪টি সংগঠন সমন্বয়ে গঠিত বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নতুন শিক্ষানীতির ওপর গোলটেবিল বৈঠক, জাতীয় পর্যায়ে মুক্ত আলোচনা এবং বিভাগীয় সেমিনার অনুষ্ঠানের সিদ্ধান্ত নিয়েছে। ফেডারেশন দ্রুত সংসদে শিক্ষানীতি পাস করার উদ্যোগ নেওয়ার জন্য মতাদর্শ নির্বিশেষে সংসদ সদস্যদের প্রতি আহ্বান রেখেছে এবং বাস্তবায়ন প্রক্রিয়ায় শিক্ষক প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করার জন্য সরকারের প্রতি দাবি জানিয়েছে।

গতকাল সন্ধ্যায় কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত ফেডারেশনের জাতীয় নির্বাহী কমিটির সভায় শিক্ষা- নীতি, শিক্ষার মান উন্নয়ন এবং সরকারি বেসরকারি শিক্ষকদের পেশাগত সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা শেষে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ আজিজুল ইসলাম এবং মূল বক্তব্য রাখেন ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। বিজ্ঞপ্তি।